



জেলা পরিষদ  
রাজবাড়ী  
www.zprajbari.gov.bd

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

২৬ জ্যৈষ্ঠ, ১৪৩১

তারিখঃ -----

০৯ জুন, ২০২৪

স্মারক নং- ৪৬.৩০.৮২০০.০০২.০৮.০১৬.২১- ৬৫৫ (২০০)

২০২৪-২০২৫ অর্থ বৎসরে নতুন ঠিকাদার তালিকাভুক্তি/ ঠিকাদারী লাইসেন্স নবায়ন বিজ্ঞপ্তি

এতদ্বারা ঠিকাদার/ইচ্ছুক সর্বসাধারণকে জানানো যাচ্ছে যে, রাজবাড়ী জেলা পরিষদের আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে নতুন ঠিকাদার তালিকাভুক্ত করা হবে এবং ২০২৪-২০২৫ অর্থ বছরে ঠিকাদারী লাইসেন্স নবায়নের জন্য নির্ধারিত ফি অত্র পরিষদে জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

১। লাইসেন্স নবায়ন ফি জমা প্রদানের সময় ২০২৩-২০২৪ অর্থ বছরের নবায়নকৃত ট্রেড লাইসেন্স, ২০২৩-২০২৪ আয়কর বৎসরে আয়কর পরিশোধের সনদপত্র এবং ভ্যাট রেজিস্ট্রেশন সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

২। ঠিকাদার হিসাবে যারা নতুন তালিকাভুক্ত হতে ইচ্ছুক তারা আগামী ৩১.০৭.২০২৩ খ্রি. তারিখের মধ্যে তালিকাভুক্তি ফরম প্রকৌশল শাখা থেকে সংগ্রহ করে ১৪.০৮.২০২৪ খ্রি. তারিখের মধ্যে পূরণকৃত ফরম ও চাহিত প্রয়োজনীয় কাগজপত্র প্রকৌশল শাখায় দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদন ফরম সরবরাহ/গ্রহণ করা হবে না।

৩। ঠিকাদারী লাইসেন্স নবায়নের জন্য নিম্নবর্ণিত ছকে তারিখ অনুযায়ী লাইসেন্স নবায়নের জন্য নির্ধারণ করা হলো। লাইসেন্স নবায়নের জন্য নির্ধারিত তারিখের মধ্যে পূরণকৃত ফরম ও চাহিত প্রয়োজনীয় কাগজপত্র প্রকৌশল শাখায় দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদন ফরম সরবরাহ/গ্রহণ করলে জরিমানাসহ লাইসেন্স নবায়ন করতে হবে।

নতুন ঠিকাদার তালিকাভুক্তি/লাইসেন্স নবায়ন বিষয়ক ছক

ক্রঃ নং	লাইসেন্স নবায়ন/নতুন তালিকাভুক্তি ফি এর পরিমাণ	জরিমানা ব্যতিত নবায়ন ফি জমা দেয়ার শেষ তারিখ	৫০% জরিমানাসহ নবায়ন ফি জমা দেয়ার শেষ তারিখ	১০০% জরিমানাসহ নবায়ন ফি জমা দেয়ার শেষ তারিখ
০১	( লাইসেন্স নবায়ন ফি এর পরিমাণ ) ক) ২,০০০/- খ) ১৫% ভ্যাট ৩০০/-	৩১.০৭.২০২৪ খ্রি. তারিখ	৩১.০৮.২০২৪ খ্রি.তারিখ	৩১. ০৮.২০২৪ খ্রি. তারিখের পরে যে কোন সময়
০২	নতুন তালিকাভুক্তি ফি এর পরিমাণ ক) ৫,০০০/- খ) ১৫% ভ্যাট ৭৫০/-	৩১.০৭.২০২৪ খ্রি. তারিখের মধ্যে নতুন ঠিকাদারী তালিকাভুক্তি ফরম সংগ্রহ করতে হবে।	১৪.০৮.২০২৪ খ্রি. তারিখের মধ্যে নতুন ঠিকাদারী তালিকাভুক্তি ফরম জমা করতে হবে।	-----

( মোঃ আবু ইউনুছ মোল্লা )  
সহকারী প্রকৌশলী (চ.দা.)  
জেলা পরিষদ, রাজবাড়ী

প্রাপক : জনাব/মেসার্স .....

স্মারক নং- ৪৬.৩০.৮২০০.০০২.০৮.০১৬.২১- ৬৫৫/২০০ (২০০)

২৬ জ্যৈষ্ঠ, ১৪৩১

তারিখঃ -----

০৯ জুন, ২০২৪

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ১। জেলা প্রশাসক, রাজবাড়ী
- ২। চেয়ারম্যান, জেলা পরিষদ, রাজবাড়ী
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজবাড়ী
- ৪। মেয়র, রাজবাড়ী/পাংশা/গোয়ালন্দ, পৌরসভা, রাজবাড়ী
- ৫। উপজেলা চেয়ারম্যান, রাজবাড়ী সদর/পাংশা/বালিয়াকান্দি/কালুখালী/গোয়ালন্দ
- ৬। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত/এলজিইডি/সওজ/শিক্ষা প্রকৌশল অধিদপ্তর/পাউবো/বিউবো, রাজবাড়ী
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর/পাংশা/বালিয়াকান্দি/কালুখালী/গোয়ালন্দ
- ৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজবাড়ী/পাংশা/গোয়ালন্দ, পৌরসভা, রাজবাড়ী
- ৯। ওয়েব সাইট/নোটিশ বোর্ড, রাজবাড়ী জেলা পরিষদ

( মোঃ আবু ইউনুছ মোল্লা )  
সহকারী প্রকৌশলী ( চ.দা.)  
জেলা পরিষদ, রাজবাড়ী